

আকাশবাণী শিলচর
আঞ্চলিক সংবাদ বিভাগ
Morning Bulletin Script
Time: 7:35 AM IST
Date: 14 May 2026

নবগঠিত ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশন আগামী ২১, ২২, ২৫ ও ২৬শে মে অনুষ্ঠিত হবে। এই অধিবেশনে নবনির্বাচিত বিধায়করা শপথ গ্রহণ করবেন। অধিবেশনের পর মন্ত্রিসভার সম্প্রসারণ করা হবে। গুয়াহাটীৰ কইনাধৱাৰ ৰাজ্য অতিথিশালায় গতকাল অনুষ্ঠিত ডঃ হিমন্তুবিশ্ব শৰ্মা সৰকাৰেৰ দ্বিতীয় কাৰ্যকালেৰ মন্ত্ৰীসভাৰ প্ৰথম বৈঠকেৰ পৰ এক সাংবাদিক সন্মেলনে মুখ্যমন্ত্ৰী একথা জানান। মুখ্যমন্ত্ৰী আৰো বলেন যে- এই অধিবেশনে চন্দ্ৰমোহন পাটোয়াৰি অস্থায়ী অধ্যক্ষ হিসেবে থাকবেন। নতুন মন্ত্ৰীসভাৰ শপথ গ্ৰহণেৰ পৰ প্ৰবীণ বিধায়ক ৰঞ্জিত কুমাৰ দাসকে অধ্যক্ষেৰ দায়িত্ব দেওয়া হবে বলে মুখ্যমন্ত্ৰী উল্লেখ কৰেছেন।

#বাইট#

মুখ্যমন্ত্ৰী ডঃ শৰ্মা বলেন যে- বিধানসভা অধিবেশনেৰ শেষ দিন অৰ্থাৎ ২৬শে মে অভিন্ন দেওয়ানি বিধি উত্থাপন কৰা হবে। মন্ত্ৰীসভা গতকাল অভিন্ন দেওয়ানি বিধিৰ খসড়ায় অনুমোদন জানিয়েছে। এই খসড়া অনুসারে পাৰ্বত্য এবং সমতল উপজাতিৰ লোকেদেৰ অভিন্ন দেওয়ানি বিধিৰ আওতাৰ বাইৰে ৰাখা হবে বলে মুখ্যমন্ত্ৰী জানিয়েছেন।

ভারতীয় জনতা পাৰ্টিৰ নিৰ্বাচনী ইস্তাহাৰটি এখন থেকে রাজ্য সরকারের নীতি নিৰ্ধাৰণের ভিত্তি হিসেবে গ্ৰহণ করার হবে বলে রাজ্য মন্ত্ৰীসভা সিদ্ধান্ত নিয়েছে । মন্ত্ৰীসভা পরবর্তী পাঁচ বছরে নতুন করে দুই লক্ষ সরকারী চাকরির নিযুক্তি সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার জন্য রাজ্যের মুখ্য সচিবের নেতৃত্বে একটি কর্মবাহিনী গঠনেরও সিদ্ধান্ত নিয়েছে । এই কর্মবাহিনী আগামী তিনমাসের মধ্যে প্রতিবেদন পেশ করবে ।

#বাইট#

মন্ত্ৰীসভার প্রথম বৈঠকে ডঃ ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষের সমাপ্তি অনুষ্ঠান আগামী ৮ই সেপ্টেম্বর নতুনদিল্লিতে আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয় ।

আসাম মন্ত্ৰীসভা ব্যয় সংকোচনের অংশ হিসেবে নতুন মন্ত্ৰীদের জন্য আগামী ছ'মাস নতুন গাড়ি না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে । আগামী ছ'মাস মন্ত্ৰী-আধিকারিক এবং কর্মচারীরা বিদেশ ভ্রমণ করতে পারবেন না বলে সিদ্ধান্ত হয়েছে । শুধুমাত্র চিকিৎসা সংক্রান্ত কারণেই বিদেশ ভ্রমণের অনুমতি দেওয়া হবে । প্রধানমন্ত্ৰী নরেন্দ্র মোদী পশ্চিম এশিয়ার সংঘর্ষের পরিপ্রেক্ষিতে ব্যয় হ্রাস করার জন্যে , জানানো সাতটি অনুরোধ অনুযায়ী রাজ্যপাল থেকে আরম্ভ করে সকল পর্যায়ের সরকারী আধিকারিকের কনভয়ের বাহনের সংখ্যা হ্রাস করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । এছাড়া সব আলোচনা চক্র, কর্মশালা ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আয়োজন করা হবে বলে মন্ত্ৰীসভার বৈঠকের পর মুখ্যমন্ত্ৰী ডঃ শর্মা জানিয়েছেন ।

মন্ত্রিসভা পরবর্তী পাঁচ বছরের জন্য দেবজিৎ শইকিয়াকে রাজ্য সরকারের প্রধান পাব্লিক প্রসিকিউটর হিসেবে পুনরায় নিযুক্তি দিয়েছে ।

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ- সি বি এস ই'র আওতায় দ্বাদশ শ্রেণীর চূড়ান্ত পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে । ছাত্র-ছাত্রীরা নিজেদের রোল নম্বর দিয়ে আনুষ্ঠানিক ওয়েবসাইট, ডিজি লকার এবং উমঙ্গ এ্যাপ'এর মাধ্যমে ফলাফল জানতে পারবে । সি বি এস ই'র পক্ষ থেকে জারী করা এক বিবৃতি অনুসারে এবারের পরীক্ষায় অবতীর্ণ ১৭ লক্ষ ৬৮ হাজারেরও বেশি শিক্ষার্থীর মধ্যে ১৫ লক্ষ ৭ হাজারেরও বেশি উত্তীর্ণ হয়েছে । পাশের সামগ্রিক উত্তীর্ণের হার ৮৫ দশমিক ২-০ শতাংশ ।

শ্রীভূমি জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে ভাইরাল হেপাটাইটিস -এ ও ই সহ ডায়ারিয়া , কলেরা , টাইফয়েড ও আমাশয়ের মতো জলবাহিত রোগের সম্ভাব্য ঝুঁকির বিষয়ে জনসাধারণকে সচেতন থাকতে পরামর্শ দেওয়া হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে বর্ষাকালে অতিবৃষ্টির ফলে পানীয় জলের উৎস দূষিত হওয়া এবং পয়ঃনিষ্কাশন ব্যবস্থার অবনতির কারণে সংক্রামক রোগের প্রকোপ বেড়ে যায় । এ ক্ষেত্রে জনসাধারণকে নিরাপদ পানীয় জল ব্যবহার , খাদ্য নিরাপত্তা বজায় রাখা , ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা এবং পরিবেশগত স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে বলা হয়েছে ।

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আজ আসাম , অৰুনাচল প্ৰদেশ ও মেঘালয়ে ভাৰী থেকে অতি ভাৰী বৃষ্টিৰ সম্ভাবনা রয়েছে । এছাড়া নাগাল্যান্ড, ত্ৰিপুৰা , মণিপুৰ ও মিজোৰামে আগামী তিন দিন ভাৰী বৃষ্টিপাত হতে পাৰে ।

.....

শিলচৰ পূৰ্ত্ত বিভাগেৰ কাৰ্যবাহী বাস্তুকাৰ এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শিলচৰ কাঠাল ৰোড থেকে বাইপাস জাতীয় সড়ক পৰ্য্যন্ত সড়ক সংস্কাৰ কাজেৰ জন্য আজ থেকে আগামী ৩১শে মে পৰ্য্যন্ত , এই সড়ক দিয়ে সব ধৰনেৰ যান চলাচল বন্ধ থাকবে । সড়ক সংস্কাৰেৰ এই সময়কালে কাঠাল ৰোডেৰ পাশ্ববৰ্তী বিকল্প সড়ক দিয়ে যানবাহন চলাচল কৰতে পাৰবে বলে জানানো হয়েছে ।

.....